ত্রৈমাসিক

# পূবালী বার্তা

- পূবালী ব্যাংক লিমিটেড এর একটি প্রকাশনা । জানুয়ারি ২০২২ ঃ সংখ্যা ২১

পূবালী ব্যাংক লিমিটেড

PUBALI BANK LIMITED

সর্ববৃহৎ বেসরকারী বাণিজ্যিক ব্যাংক

ত্রৈমাসিক
# পূবালী বার্তা

জানুয়ারি ২০২২ ঃ সংখ্যা ২১



## স্বাগত-২০২২

পূবালী ব্যাংক লিমিটেড ব্যাংকিং কার্যক্রমের গৌরবময় তেষট্টি বছরে পদার্পণ করে সমৃদ্ধি ও সম্ভাবনার এক মাইলফলক অর্জন করেছে। **'ঐতিহ্যের পথ বেয়ে অর্থনৈতিক অগ্রগতি'** এই প্রত্যয় নিয়ে সমকালীন সকল আধুনিকতাকে ধারণ করে এ ব্যাংকের এগিয়ে চলা।

পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান পরিষদ সদস্যদের নিয়ে কেক কেটে ইংরেজি নববর্ষ ২০২২ কে স্বাগত জানিয়েছেন। এসময় ব্যাংকের পরিচালক- মনির উদ্দিন আহমদ, রুমানা শরীফ, আজিজুর রহমান, রানা লায়লা হাফিজ, স্বতন্ত্র পরিচালক মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী, উপব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সেক্রেটারি জাহিদ আহসান, মহাব্যবস্থাপক ও চীফ ফিনান্সিয়াল অফিসার মোহাম্মদ লিটন মিয়া এফসিএ উপস্থিত ছিলেন।

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান ২০২১ সালে পূবালী ব্যাংকের লক্ষ্য অর্জনে সন্তুষ্টি প্রকাশ করেন এবং ব্যাংকারদের কর্মদক্ষতা প্রতিনিয়ত শাণিত করে গ্রাহকদের সর্বোত্তম সেবা প্রদানের জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করেন।

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী সর্বোচ্চ প্রচেষ্টার মাধ্যমে ভবিষ্যতে ব্যাংকের আরও সমৃদ্ধির লক্ষ্যে সকল কর্মকর্তা-কর্মচারীদের যৌথ উদ্যোগে নব-উদ্যমে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।




## হোটেল ইন্টারকন্টিনেন্টালে পূবালী ব্যাংক লিঃ এর নতুন শাখার শুভ উদ্বোধন

আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে অনলাইন ব্যাংকিং সুবিধাসহ রাজধানী ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে পূবালী ব্যাংক লিমিটেডের ৪৮৪তম শাখা সম্প্রতি শুভ উদ্বোধন করা হয়েছে। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে শাখাটির শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ- রুমানা শরীফ, এম. কবিরুজ্জামান ইয়াকুব এফসিএমএ (ইউকে), সিজিএমএ, আজিজুর রহমান ও রানা লায়লা হাফিজ এবং স্বতন্ত্র পরিচালক মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী। এসময় অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী, উপ-ব্যবস্থাপনা পরিচালকদ্বয়- জাহিদ আহসান ও মোহাম্মদ শাহাদাৎ হোসেন এবং ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক সুলতানা সরিফুন নাহার সহ ব্যাংকের সম্মানিত গ্রাহকবৃন্দ ও বিশিষ্ট ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান বলেন, পূবালী ব্যাংক লিমিটেড অতি দ্রুত সময়ে সর্বোত্তম এবং আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*



## প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে পূবালী ব্যাংক লিমিটেডের কম্বল প্রদান

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে দুস্থ ও শীতার্তদের মাঝে বিতরণের জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে পূবালী ব্যাংক লিমিটেডের পক্ষ থেকে কম্বল প্রদান করা হয়েছে। গণভবন থেকে ভার্চুয়ালি সংযুক্ত প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমদ কায়কাউসের হাতে অনুদানের কম্বল তুলে দেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান। এসময় পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী উপস্থিত ছিলেন।




## আইসিএমএবি বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড পেল পূবালী ব্যাংক

দি ইনস্টিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) এর বেস্ট কর্পোরেট অ্যাওয়ার্ড-২০২০ পেল পূবালী ব্যাংক লিমিটেড। সম্প্রতি রাজধানীর একটি হোটেলে পূবালী ব্যাংক কে এ অ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি এমপি পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলীর নিকট অ্যাওয়ার্ড প্রদান করেন। এসময় পূবালী ব্যাংক লিঃ এর মহাব্যবস্থাপক ও সিএফও মোহাম্মদ লিটন মিয়া এফসিএ উপস্থিত ছিলেন।

পুরস্কার প্রদান অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএসইসি চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, এফবিসিসিআই'র সাবেক সভাপতি কাজী আকরাম উদ্দিন আহমেদ এবং সাউথ এশিয়ান ফেডারেশন অব অ্যাকাউন্ট্যান্টসের (সাফা) প্রেসিডেন্ট এ কে এম দেলোয়ার হোসেন এফসিএমএ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইসিএমএবি'র প্রেসিডেন্ট আবু বকর সিদ্দিক।

## পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হলেন শফিউল আলম খান চৌধুরী



শফিউল আলম খান চৌধুরী

শফিউল আলম খান চৌধুরী পূবালী ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়েছেন। তিনি ২০১৬ সালের ১ জানুয়ারি থেকে ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

ঢাকা বিশ্বদ্যিালয়ের সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রিধারী জনাব শফিউল আলম খান চৌধুরী ১৯৮৩ সালে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকার্স রিক্রুটমেন্ট কমিটির মাধ্যমে শিক্ষানবীশ সিনিয়র অফিসার হিসেবে পূবালী ব্যাংকে যোগদান করেন। শিক্ষানবীশ কর্মকর্তা হিসেবে কর্মজীবন শুরু করে একই ব্যাংকের সর্বোচ্চ পদে নিযুক্ত হলেন শফিউল আলম খান চৌধুরী। জনাব খান চৌধুরী প্রধান কার্যালয়ের ক্রেডিট কমিটির প্রধান, বিভিন্ন বিভাগের মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা প্রধান, ঢাকা উত্তর অঞ্চলের অঞ্চল প্রধান, উপ-ব্যবস্থাপনা পরিচালকসহ ব্যাংকের গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি দেশে বিদেশে ব্যাংকিং সংক্রান্ত বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নেন। শফিউল আলম খান চৌধুরী নেত্রকোণা জেলার গোবিন্দশ্রী গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মরহুম ফয়েজুর রহমান খান চৌধুরী ও মাতা খালেদা আক্তার খাতুন। পারিবারিক জীবনে তিনি এক পুত্র ও এক কন্যা সন্তানের গর্বিত জনক।




## পূবালী ব্যাংকে নতুন ০৩ (তিন) জন উপ-ব্যবস্থাপনা পরিচালক



জাহিদ আহসান



মোহাম্মদ ইছা



মোহাম্মদ শাহাদাৎ হোসেন

### জাহিদ আহসান

জাহিদ আহসান উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের পূর্বে ব্যাংকের বোর্ড ডিভিশনের মহাব্যবস্থাপক হিসেবে কর্মরত ছিলেন। বর্তমানে তিনি কোম্পানী সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে L.L.B(Hons) ও L.L.M ডিগ্রী অর্জন করেন। ১৯৮৮ সালে প্রবেশনারী সিনিয়র অফিসার হিসেবে পূবালী ব্যাংকে কর্মজীবন শুরু করেন। পরবর্তী সময়ে তিনি ব্যাংকের বিভিন্ন শাখা ও কর্পোরেট শাখার গুরুত্বপূর্ণ পদে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেন। তিনি প্রিন্সিপাল শাখা ও মতিঝিল কর্পোরেট শাখার ক্রেডিট-ইন-চার্জের দায়িত্ব পালন করেন। সুদীর্ঘ পেশাগত জীবনে তিনি অনেক সেমিনারে এবং প্রশিক্ষণ কোর্সে অংশ নিয়েছেন।

### মোহাম্মদ ইছা

মোহাম্মদ ইছা উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের পূর্বে ব্যাংকের ক্রেডিট ডিভিশনের মহাব্যবস্থাপক হিসেবে হেড অব আরএমজি, সিএমএসএমই ও কৃষি ঋণ ইউনিটে কর্মরত ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ ডিগ্রী অর্জন করেন। এছাড়াও তিনি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ থেকে JAIBB এবং DAIBB কোর্স সম্পন্ন করেছেন। ১৯৯৭ সালে প্রবেশনারী সিনিয়র অফিসার হিসেবে পূবালী ব্যাংকে কর্মজীবন শুরু করেন। পরবর্তী সময়ে তিনি ব্যাংকের ০৭ (সাত) টি শাখার ম্যানেজার হিসেবে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেন, যার মধ্যে ০৪ (চার) টি কর্পোরেট শাখা। তিনি বিআইবিএমসহ বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউটে গেস্ট স্পিকার হিসেবে ক্লাস নিয়ে থাকেন। সুদীর্ঘ পেশাগত জীবনে তিনি দেশে-বিদেশে অনেক সেমিনারে এবং প্রশিক্ষণ কোর্সে অংশ নিয়েছেন।

### মোহাম্মদ শাহাদাৎ হোসেন

মোহাম্মদ শাহাদাৎ হোসেন উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের পূর্বে ব্যাংকের আন্তর্জাতিক বিভাগ ও ট্রেজারি বিভাগের মহাব্যবস্থাপক হিসেবে কর্মরত ছিলেন। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি বিষয়ে এমএসএস ডিগ্রী অর্জন করেন। ১৯৯৭ সালে প্রবেশনারী সিনিয়র অফিসার হিসেবে পূবালী ব্যাংকে কর্মজীবন শুরু করেন। পরবর্তী সময়ে তিনি ব্যাংকের বিভিন্ন শাখার ম্যানেজার হিসেবে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেন। তিনি বাংলাদেশ ম্যানেজমেন্ট ডেভেলপমেন্ট সেন্টার থেকে ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্টে পিজিডি ডিগ্রী অর্জন করেন। তিনি ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স ও লন্ডন ইনস্টিটিউট অব ব্যাংকিং এন্ড ফিন্যান্স থেকে সার্টিফাইড ডকুমেন্টারি ক্রেডিট স্পেশালিস্ট ডিগ্রী অর্জন করেন। তিনি যুক্তরাষ্ট্র, জার্মানি, ভারত, সিঙ্গাপুর, মালয়েশিয়া ও সংযুক্ত আরব আমিরাতে বিভিন্ন প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

## বেস্ট রেটেড ব্যাংক অ্যাওয়ার্ড পেল পূবালী ব্যাংক লিমিটেড

ডেইলি ইন্ডাস্ট্রি বেস্ট রেটেড ব্যাংক অ্যাওয়ার্ড-২০২০ পেল পূবালী ব্যাংক লিঃ। সম্প্রতি মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ডেইলি ইন্ডাস্ট্রি'র আয়োজনে বঙ্গবন্ধুর ব্যাংকিং নীতি শীর্ষক আলোচনা সভা ও ডেইলি ইন্ডাস্ট্রি বেস্ট রেটেড ব্যাংক অ্যাওয়ার্ড-২০২০ অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডকে এ পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান এমপি পূবালী ব্যাংক লিঃ এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলীর নিকট বেস্ট রেটেড ব্যাংক অ্যাওয়ার্ড প্রদান করেন।



অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীনস্থ পিপিপি'র প্রধান নির্বাহী কর্মকর্তা সুলতানা আফরোজ এবং বিশিষ্ট ব্যাংকার ও পূবালী ব্যাংক লিঃ এর সাবেক ব্যবস্থাপনা পরিচালক হেলাল আহমদ চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডেইলি ইন্ডাস্ট্রির সম্পাদক ড. এনায়েত করিম।

ত্রৈমাসিক
পূবালী বার্তা

জানুয়ারি ২০২২ ঃ সংখ্যা ২১



## যথাযোগ্য মর্যাদায় বিজয়ের সুবর্ণ জয়ন্তী ও মুজিব বর্ষ উদযাপন

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মুক্তিযুদ্ধে আত্মত্যাগকারী সকল শহীদ, বীর মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের শ্রদ্ধাবনত চিত্তে স্মরণ করে যথাযোগ্য মর্যাদায় বিজয়ের সুবর্ণ জয়ন্তী ও মুজিব বর্ষ উদযাপন করেছে পূবালী ব্যাংক লিমিটেড। জাতীয় সঙ্গীতের সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী। স্বাগত বক্তব্য রাখেন মহাব্যবস্থাপক দিলীপ কুমার পাল। ব্যাংকের নির্বাহীবৃন্দ এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ অনুষ্ঠানে অংশ নেন।

৭১-এর বীর শহীদ ও বীর মুক্তিযোদ্ধাদের গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী বলেন, এবছর উদযাপিত হচ্ছে বাংলাদেশের জন্মের ৫০ বছর, একই সাথে পালিত হচ্ছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম-শতবার্ষিকী। এই গৌরবময় ক্ষণে আমরা আছি- ভবিষ্যতে হয়তো এরকম উদযাপনে আমরা থাকবো না- তবে নিজেদের স্ব স্ব অবস্থান থেকে বাংলাদেশের অগ্রযাত্রায় অংশীদার হয়ে আমরা জাতির পিতা এবং মুক্তিযুদ্ধে আত্মদানকারী বীরদের স্মৃতিকে শ্রদ্ধা জানাতে পারি। তিনি বলেন, বঙ্গবন্ধু কন্যার নেতৃত্বে বাংলাদেশ আজ সকল সূচকে পাকিস্তান থেকে অনেক এগিয়ে, পৃথিবীর মানচিত্রে সম্মানজনক অবস্থান গ্রহণ করেছে- আমরা নিজ কর্ম দিয়ে যেনো এই অবস্থানকে সমুন্নত রাখতে পারি। পূবালী ব্যাংক লিমিটেডের প্রতিনিধিবৃন্দ বিকেলে সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় বিজয়ের সুবর্ণ জয়ন্তী ও মুজিব বর্ষের শপথ অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন।

## পূবালী ব্যাংক লিমিটেড এর ১৯২১ নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীর পদোন্নতি

কর্মক্ষেত্রে সফলতার স্বীকৃতি স্বরূপ ২০২১ ইং সালে পূবালী ব্যাংক লিমিটেড এর বিভিন্ন পর্যায়ে কর্মরত ১৯২১ জন নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতি প্রাপ্তদের মধ্যে রয়েছেন- ১৪ জন মহাব্যবস্থাপক, ২৭ জন উপ-মহাব্যবস্থাপক, ৪৯ জন সহকারী মহাব্যবস্থাপক, ২৪৭ জন সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ৪৩৫ জন প্রিন্সিপাল অফিসার, ৬৬৪ জন সিনিয়র অফিসার, ১৬৩ জন অফিসার, ১৩০ জন জুনিয়র অফিসার, ৮৪ জন ডেপুটি জুনিয়র অফিসার এবং ১০৮ জন স্টাফ/সাব-স্টাফ। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী পদোন্নতি প্রাপ্ত সকলকে অভিনন্দন জানিয়ে আশা প্রকাশ করেন, কর্মক্ষেত্রে স্বীয় কর্ম, মেধা ও যোগ্যতার মাপকাঠিতে পদোন্নতিপ্রাপ্ত সকলে নতুন উদ্দীপনায় আরো বেশি দক্ষতা এবং একাগ্রতায় অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে ব্যাংকের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করে উত্তরোত্তর সমৃদ্ধি ও সাফল্য বয়ে আনবেন।

পদোন্নতিপ্রাপ্ত সকল নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীগনকে পূবালী পরিবারের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

### পদোন্নতিপ্রাপ্ত মহাব্যবস্থাপকবৃন্দ



**মোহাম্মদ লিটন মিয়া**
এফসিএ, সিএফও
কেন্দ্রীয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়



**মোঃ মনজুরুল ইসলাম মজুমদার**
মতিঝিল কর্পোরেট শাখা



**মোঃ ফয়জুল হক শরীফ**
ঢাকা স্টেডিয়াম কর্পোরেট শাখা



**নিশাত মাইসুরা রহমান**
আন্তর্জাতিক বিভাগ
প্রধান কার্যালয়



**সুকান্ত চন্দ্র বনিক**
মহাখালী কর্পোরেট শাখা



**মোঃ কামরুজ্জামান**
আঞ্চলিক কার্যালয়
ঢাকা দক্ষিণ



**অসীম কুমার রায়**
কার্ড বিভাগ
প্রধান কার্যালয়



**ইন্দ্র মোহন সূত্রধর**
সফটওয়্যার ডেভেলপমেন্ট বিভাগ, প্রধান কার্যালয়



**মোঃ ফয়সল আহমদ**
বৈদেশিক বাণিজ্য
কর্পোরেট শাখা



**ইসমত আরা হক**
মানব সম্পদ বিভাগ
প্রধান কার্যালয়



**মোঃ শাহীন শাহরিয়া**
গুলশান কর্পোরেট শাখা



**আজুবা খন্দকার**
সফটওয়্যার ডেভেলপমেন্ট বিভাগ প্রধান কার্যালয়



**আবু লাইছ মোঃ শামসুজ্জামান**
আঞ্চলিক কার্যালয়
রংপুর



**মোহাম্মদ আবদুর রহিম**
আঞ্চলিক কার্যালয়
চট্টগ্রাম কেন্দ্রীয় এবং দক্ষিণ



## পদোন্নতিপ্রাপ্ত উপ-মহাব্যবস্থাপকবৃন্দ



**মোঃ শহিদুল ইসলাম**
সংস্থাপন বিভাগ
(ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট)
প্রধান কার্যালয়



**দেবাশিষ ভট্টাচার্য্য**
ঋণ মঞ্জুরী বিভাগ
প্রধান কার্যালয়



**মোঃ ওয়াহিদ সামস**
খাতুনগঞ্জ শাখা
চট্টগ্রাম



**মৌসুমী রানী সাহা**
নয়াপল্টন শাখা
ঢাকা



**মোঃ জহিরুল ইসলাম**
সিডিএ কর্পোরেট শাখা
চট্টগ্রাম



**মোহাম্মদ বেল্লাল হোসেন**
কনজুমারস ক্রেডিট বিভাগ
প্রধান কার্যালয়



**মোঃ সাইফুল ইসলাম**
তেঁজগাও শাখা
ঢাকা



**মোসাঃ মাসুমা খাতুন**
ঢাকা শিশুপার্ক শাখা
ঢাকা



**মোঃ আবুল হাসান**
বৈদেশিক বাণিজ্য শাখা
ঢাকা



**কে. এম. ইসতিয়াক হামিদ**
আইসিটি অপারেশন বিভাগ
প্রধান কার্যালয়



**হোসেন মোহাম্মদ ফয়সাল**
আইসিটি অপারেশন বিভাগ
প্রধান কার্যালয়



**মোঃ সাজিদুর রহমান**
ফার্মগেট শাখা
ঢাকা



**মোহাম্মদ জাহিদ হোসেন**
ঋণ মঞ্জুরী বিভাগ
প্রধান কার্যালয়



**মোঃ মাহবুব আলম**
ট্রেজারী বিভাগ
প্রধান কার্যালয়



**মোঃ ফজলুল কবীর চৌধুরী**
বনানী শাখা
ঢাকা



**মোঃ মনিরুজ্জামান**
চকবাজার শাখা
ঢাকা



**মোহাম্মদ হাফিজুর রহমান সরদার**
শরিয়তপুর শাখা



**শেখ মোঃ সামছুদ্দোহা**
আগ্রাবাদ কর্পোরেট শাখা
চট্টগ্রাম



**কোহিনুর বেগম**
আন্তর্জাতিক বিভাগ
(সিটিপিসি)
প্রধান কার্যালয়



**মোঃ আখতারুজ্জামান সরকার**
গুলশান সার্কেল-১ শাখা
ঢাকা



**এ কে এম মাসুদ**
কুমিল্লা প্রধান শাখা,
কুমিল্লা



**কামরুল ইসলাম**
ইসলামিক ব্যাংকিং উইন্ডো,
প্রিন্সিপাল শাখা



**মোহাম্মদ আলতাব হোসেন**
সাতমসজিদ রোড শাখা
ঢাকা



**মাইনুল ইসলাম**
আঞ্চলিক কার্যালয়
নোয়াখালী



**মোহাম্মদ মনিরুল ইসলাম**
স্টেডিয়াম শাখা, সিলেট



**মোহাম্মদ হারুন-উর-রশিদ**
চাকতাই মডেল শাখা
চট্টগ্রাম



**মোঃ রফিকুল ইসলাম**
আঞ্চলিক কার্যালয়
রাজশাহী



## পদোন্নতিপ্রাপ্ত সহকারী মহাব্যবস্থাপকবৃন্দ

| # | নাম ও কর্মস্থল | # | নাম ও কর্মস্থল |
|---|---|---|---|
| ১ | মোঃ আবুল খায়ের খান<br>ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয় | ২৬ | আব্দুস সবুর মিয়া<br>নিরীক্ষা ও পরিদর্শণ বিভাগ |
| ২ | এস. এম. লুৎফুল কবির<br>আঞ্চলিক কার্যালয়, গাজীপুর | ২৭ | মোহাম্মদ সাইফুল ইসলাম<br>খিলগাঁও শাখা, ঢাকা |
| ৩ | মোঃ মাহবুব হাছান<br>ঋণ মঞ্জুরী বিভাগ | ২৮ | প্রনব কুমার সরকার<br>দিরাই শাখা, সুনামগঞ্জ |
| ৪ | মোহাম্মদ কামরুজ্জামান খান<br>টঙ্গী শাখা, গাজীপুর | ২৯ | এ.কে.এম. সাফিউল আলম<br>জেলা পরিষদ শাখা, কুমিল্লা |
| ৫ | মীর মাসুদুর রহমান<br>মিরপুর শাখা, ঢাকা | ৩০ | মোঃ ইদ্রিসুর রহমান<br>বাজার রোড শাখা, বরিশাল |
| ৬ | খালেদা বেগম<br>দারুস সালাম রোড শাখা, ঢাকা | ৩১ | এমাদুল হক<br>কাওরান বাজার কর্পোরেট শাখা |
| ৭ | এস. জুবায়দা গুলশান আরা<br>ইপিজেড শাখা, চট্টগ্রাম | ৩২ | সুমন শর্মা<br>ঋণ মঞ্জুরী বিভাগ |
| ৮ | জাকিয়া মমতাজ<br>হালিশহর শাখা, চট্টগ্রাম | ৩৩ | উজ্জল হালদার<br>বরগুনা শাখা |
| ৯ | মাহমুদা জাহান<br>কদমতলী শাখা, চট্টগ্রাম | ৩৪ | প্রদ্যোৎ কান্তি দাশ<br>নেত্রকোনা শাখা |
| ১০ | নির্মল চন্দ্র কর্মকার<br>প্রিন্সিপাল শাখা | ৩৫ | মোঃ জহিরুল হক<br>কাশিমপুর শাখা, গাজীপুর |
| ১১ | মোহাম্মদ ছরওয়ার আলম<br>বড়লেখা শাখা, মৌলভীবাজার | ৩৬ | মোসাঃ কামরুন্নাহার<br>আন্তর্জাতিক বিভাগ (সিটিপিসি) |
| ১২ | পরিমল চন্দ্র বনিক<br>লক্ষীপুর শাখা | ৩৭ | মোহাম্মদ জাহিদুল ইসলাম খান<br>নাজিমুদ্দিন রোড শাখা, ঢাকা |
| ১৩ | মোহাম্মদ সাইফুল আলম সরকার<br>নরসিংদী শাখা | ৩৮ | খোঃ সাজিয়া আফরিন সুপ্তি<br>সোনারগাঁও হোটেল শাখা, ঢাকা |
| ১৪ | মোহাম্মদ হুমায়ুন মিয়া<br>রামপুরা শাখা, ঢাকা | ৩৯ | ইশরাত ফাতেমা হাবিব<br>মতিঝিল কর্পোরেট শাখা |
| ১৫ | মেজবাহ উদ্দিন মাহবুব<br>পাহাড়তলী শাখা, চট্টগ্রাম | ৪০ | মোঃ আক্তার হোসেন<br>বার লাইব্রেরী শাখা, ঢাকা |
| ১৬ | বিশ্বজিৎ কুমার দে<br>আঞ্চলিক কার্যালয়, ঢাকা দক্ষিণ | ৪১ | স্বপন কুমার মৃধা<br>নিউ মার্কেট শাখা, ঢাকা |
| ১৭ | নরেশ চন্দ্র দাস<br>ঋণ মঞ্জুরী বিভাগ | ৪২ | মোঃ আমীরুল ইসলাম<br>নাটোর শাখা |
| ১৮ | মোঃ মুস্তাফিজুর রহমান<br>বৈদেশিক বাণিজ্য কর্পোরেট শাখা | ৪৩ | মোহাম্মদ মতিউর রহমান<br>ঋণ প্রশাসন,তদারকি ও আদায় বিভাগ |
| ১৯ | গুলশান আরা<br>কাওরান বাজর কর্পোরেট শাখা | ৪৪ | মোহাম্মদ আসাদুজ্জামান মজুমদার<br>গৌরীপুর শাখা, কুমিল্লা |
| ২০ | মালেকা ফারাহ্ দীবা<br>পদুয়ার বাজার শাখা, কুমিল্লা | ৪৫ | সোনিয়া জাহান<br>নিতাইগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ |
| ২১ | মোঃ ফরিদ আহম্মেদ<br>শরৎগঞ্জ শাখা, চুয়াডাঙ্গা | ৪৬ | মুহাম্মদ আনোয়ার হোসেন<br>বেগম বাজার শাখা, ঢাকা |
| ২২ | মোঃ আব্দুর রাজ্জাক<br>লালমনিরহাট শাখা | ৪৭ | প্রতিমা রানী বনিক<br>চরপাড়া শাখা, ময়মনসিংহ |
| ২৩ | মোঃ মোকলেছুর রহমান<br>প্রিন্সিপাল শাখা | ৪৮ | মোঃ সাজেদুল ইসলাম<br>ট্রেজারী বিভাগ |
| ২৪ | মুহাম্মদ আবু তাহের<br>প্রিন্সিপাল অফিস, সিলেট | ৪৯ | মাহবুব আলম<br>ট্রেজারী বিভাগ |
| ২৫ | ইশরাত জাহান<br>আইন বিভাগ | | |



## বাংলাদেশ ডায়াবেটিক সমিতির অন্তর্ভুক্ত ন্যাশনাল হেলথকেয়ার নেটওয়ার্ককে এ্যাম্বুলেন্স প্রদান

পূবালী ব্যাংক লিমিটেড সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির অন্তর্ভূক্ত ন্যাশনাল হেলথকেয়ার নেটওয়ার্ককে একটি এ্যাম্বুলেন্স প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি অধ্যাপক ডা. এ কে আজাদ খানের নিকট আনুষ্ঠানিকভাবে এ্যাম্বুলেন্সের চাবি হস্তান্তর করেন। এসময় পূবালী ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে পূবালী ব্যাংকের ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক সুলতানা সরিফুন নাহার, বাংলাদেশ ডায়াবেটিক সমিতির মহাসচিব মোঃ সাইফ উদ্দিন, ন্যাশনাল হেলথকেয়ার নেটওয়ার্কের চিফ এক্সিকিউটিভ অফিসার ডা. এম এ সামাদসহ উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



## “Work Life Balance for Woman in Banks” শীর্ষক দুই দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেডের বিভিন্ন স্তরের ৩৫ জন নারী কর্মকর্তা, নির্বাহী এবং ব্যবস্থাপকদের অংশগ্রহনে “Work Life Balance for Woman in Banks” শীর্ষক দুইদিনব্যাপী কর্মশালা সম্প্রতি ঢাকার গুলশানের একটি হোটেলে অনুষ্ঠিত হয়েছে। ACTIVA Management Development Institute কর্তৃক আয়োজিত এই কর্মশালার প্রশিক্ষক ছিলেন ভারতের কলকাতার ICFAI Business School (IBS) এর ফ্যাকাল্টি শর্বরী সাহা। কর্মশালার সমাপনী অনুষ্ঠানে পূবালী

এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

## Excellence Award-2021 পেলেন মোহাম্মদ আলী




কর্মক্ষেত্রে অসামান্য অবদানের জন্য Entrepreneurs and Professional Mirpur Club Ltd. দেশের ১১ জন পেশাদার এবং উদ্যোক্তাকে Excellence Award-2021 প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেডের মাননীয় অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও চীফ অপারেটিং অফিসার মোহাম্মদ আলী পেশাগত ক্ষেত্রে অবদানের জন্য Mirpur Club Excellence Award-2021 সম্মানে ভূষিত হয়েছেন।

পুরস্কার প্রদান উপলক্ষ্যে সম্প্রতি গুলশানের স্পেকট্রা কনভেনশন সেন্টার এ আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী এম. এ. মান্নান এমপি। Entrepreneurs and Professional Mirpur Club Ltd. এর প্রতিষ্ঠাতা সভাপতি এস এম মাহবুব আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব এন এম জিয়াউল আলম পিএএ, ভূমি মন্ত্রণালয়ের সচিব মোঃ মোস্তাফিজুর রহমান পিএএ, স্বাস্থ্য মন্ত্রণালয়ের সাবেক অতিরিক্ত সচিব সুশান্ত কুমার সাহা, বুয়েটের অধ্যাপক ড. মুস্তফা আকবর, বাংলাদেশ হাইটেক পার্ক অথরিটি এর ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) ড. বিক্রম কুমার ঘোষ, বিশিষ্ট তথ্য প্রযুক্তিবিদ এবং সোনালী ব্যাংকের স্বতন্ত্র পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ প্রমুখ। প্রধান অতিথি এবং অন্যান্য অতিথি এবং বক্তাগন আশাবাদ প্রকাশ করেন যে, পুরস্কার বিজয়ীগন নিজ নিজ ক্ষেত্রে আরো অবদান রেখে দেশকে এগিয়ে নিতে অগ্রনী ভূমিকা পালন করবেন।

### বিকাশ এর সাথে পূবালী ব্যাংক

............ ৭ম পৃষ্ঠার পর

এই সেবা চালুর ফলে পূবালী ব্যাংকের গ্রাহকবৃন্দ ব্যাংকের অ্যাপ পাই ব্যাংকিং ও ইন্টারনেট ব্যাংকিং সেবা ব্যবহার করে তাৎক্ষণিক বিকাশ অ্যাকাউন্টে টাকা আনতে পারবেন এবং খুব শীঘ্রই বিকাশ থেকে পূবালী ব্যাংক অ্যাকাউন্টে টাকা জমাও দিতে পারবেন। অন্যদিকে, বিকাশ গ্রাহকরা অ্যাড মানি ও ট্রান্সফার মানি সেবার পাশাপাশি সারাদেশে ছড়িয়ে থাকা পূবালী ব্যাংকের এটিএম থেকে ক্যাশ আউট সেবাও নিতে পারবেন। এছাড়া বিশ্বের বিভিন্ন দেশে বসবাসরত প্রবাসীদের পাঠানো রেমিটেন্স পূবালী ব্যাংক হয়ে দেশে থাকা প্রিয়জনের বিকাশ অ্যাকাউন্টে পৌঁছে যাবে।

### নেত্রকোনায় কর্মশালা

............ ৭ম পৃষ্ঠার পর

নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর উপ-মহাব্যবস্থাপক শাহানা ফেরদৌসী। কর্মশালায় সমন্বয়কারী হিসেবে ছিলেন পূবালী ব্যাংকের এন্টি মানি লন্ডারিং ডিভিশন ও মার্কেটিং ডিভিশন প্রধান উপ-মহাব্যবস্থাপক শ্যাম সুন্দর বনিক। সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিমিটেডের ময়মনসিংহ অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক চৌধুরী মোঃ শফিউল হাসান।

### ডিপ্লোমা পরীক্ষায় কৃতিত্ব

............ ৭ম পৃষ্ঠার পর

Management” বিষয়ে সর্বোচ্চ নম্বর (৭২%) প্রাপ্তির জন্য আইবিবি কর্তৃক সনদ এবং “Basic Bank Ltd. Cash Prize” লাভ করেন। সম্প্রতি আইবিবি কর্তৃক বিআইবিএম অডিটোরিয়ামে অনুষ্ঠিত ১৩ তম পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মোঃ রাইসুল আলমকে সনদ এবং নগদ পুরস্কার প্রদান করেন অনুষ্ঠানের প্রধান অতিথি, আইবিবির প্রেসিডেন্ট এবং বাংলাদেশ ব্যাংক এর গভর্নর ফজলে কবির। বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর কাজী ছাইদুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে আইবিবি এর সেক্রেটারী জেনারেল লাইলা বিলকিস আরা, বিআইবিএম এর উর্ধ্বতন নির্বাহী এবং ফ্যাকাল্টি, বিভিন্ন রাষ্ট্রায়ত্ব এবং বেসরকারী ব্যাংকের এমডি ও সিইও, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

### বাংলাদেশ ব্যাংকের সাথে

............ ৯ম পৃষ্ঠার পর

গ্রাহকবৃন্দ সকল শাখার মাধ্যমে রাজস্বসহ বিভিন্ন সরকারি ফি ট্রেজারি চালানের মাধ্যমে সরাসরি জমা করতে পারবেন।

### ৪৮৪ তম শাখার শুভ উদ্বোধন

............ ১ম পৃষ্ঠার পর

সম্মানিত গ্রাহকদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ। এরই ধারাবাহিকতায় ব্যাংকের আধুনিক সেবা পৌঁছে দিতে পূবালী ব্যাংক রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে শাখা উদ্বোধন করেছে। সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী আশা প্রকাশ করেন, হোটেল ইন্টারকন্টিনেন্টাল শাখা অত্র এলাকার ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে।

### দুই দিনব্যাপী কর্মশালা

............ ৫ম পৃষ্ঠার পর

ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী উপস্থিত ছিলেন। পূবালী ব্যাংকের মানবসম্পদ বিভাগের বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক আহমদ এনায়েত মনজুর পর্যবেক্ষক হিসেবে কর্মশালায় উপস্থিত ছিলেন।

### জাতীয় শোক দিবস ২০২১ পালিত

............ ৮ম পৃষ্ঠার পর

ভিত্তি করে নির্মিত তথ্যচিত্র উপস্থাপন করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী। তিনি বলেন, বঙ্গবন্ধু তাঁর পুরো জীবন উৎসর্গ করেছেন গণতান্ত্রিক শোষণমুক্ত একটি সমাজ গড়ে তোলার প্রত্যয়ে। বাংলাদেশ আজ যে অবস্থানে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে- সেটার স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধু। বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক সূত্রে বাঁধা, সেকারণেই বাঙালী জাতি ১৫ আগস্টের ঘাতকদের ঘৃণাভরে প্রত্যাখান করেছে।

আলোচনাসভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গের আত্মার মাগফেরাৎ কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। এরপর জাতীয় শোক দিবস উপলক্ষ্যে 'করবো সবাই বৃক্ষ রোপন - ছায়ায় মায়ায় ভরবে ভুবন' শীর্ষক বৃক্ষরোপন কর্মসূচী পালন করা হয়। পূবালী ব্যাংক অফিসার্স কোয়ার্টার, মগবাজার, ঢাকা ও ডিজাস্টার রিকভারি (ডিআর) সেন্টার, উত্তরা, ঢাকায় বৃক্ষরোপন কর্মসূচীর উদ্বোধন শেষে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক বলেন, বঙ্গবন্ধু সুজলা সুফলা শস্য শ্যামলা সোনার বাংলার স্বপ্ন দেখতেন। ব্যাংকের এই বৃক্ষরোপন কর্মসূচী বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার নিদর্শন। তিনি ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীদের অন্তত দুইটি করে গাছ লাগানোর আহ্বান জানান।

ত্রৈমাসিক পূবালী বার্তা

জানুয়ারি ২০২২ ঃ সংখ্যা ২১



## বিকাশ এর সাথে পূবালী ব্যাংক লিঃ এর লেনদেন সেবার শুভ উদ্বোধন

দেশের সবচেয়ে বড় মোবাইল আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠান বিকাশ-এর সাথে দেশের বৃহত্তম বেসরকারি বাণিজ্যিক ব্যাংক পূবালী ব্যাংক লিমিটেডের 'লেনদেন সেবা'র উদ্বোধনী অনুষ্ঠান সম্প্রতি রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে লেনদেন সেবার উদ্বোধন ঘোষণা করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও চিফ এক্সিকিউটিভ অফিসার শফিউল আলম খান চৌধুরী। এসময় বিকাশের চিফ এক্সিকিউটিভ অফিসার কামাল কাদীর উপস্থিত ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী, বিকাশের চিফ এক্সটার্নাল অ্যান্ড কর্পোরেট অ্যাফেয়ার্স অফিসার মেজর জেনারেল শেখ মোঃ মনিরুল ইসলাম (অবঃ), পূবালী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকদ্বয়- জাহিদ আহসান ও মোহাম্মদ শাহাদাৎ হোসেন এবং মহাব্যবস্থাপকবৃন্দসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ২*




## নেত্রকোনায় মানিলন্ডারিং প্রতিরোধ বিষয়ক কর্মশালা

সম্প্রতি বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কর্তৃক আয়োজিত লীড ব্যাংক হিসেবে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনায় নেত্রকোনার ২০টি তফসিলি ব্যাংকের ৬৭ জন প্রতিনিধি নিয়ে নেত্রকেনা সার্কিট হাউজের অডিটরিয়ামে Prevention of Money Laundering and Combating the Finance of Terrorism (CFT & Related Issues) বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ২*

## "শুভেচ্ছা"



পূবালী ব্যাংক লিমিটেড এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরীর স্নেহধন্য পুত্রবধূ সামিরা রহমান সম্প্রতি ফিনান্সিয়াল এনালিস্ট হিসাবে বিশ্বখ্যাত বহুজাতিক প্রতিষ্ঠান (Amazon. com) অ্যামাজান ডট কম-এ যোগদান করেছেন। সামিরা একমাত্র বাংলাদেশী হিসাবে অ্যামাজানের উত্তর আমেরিকা অফিসের ফিন্যান্স এন্ড গ্লোবাল বিজনেস সার্ভিসেস ডিপার্টমেন্টের অধীনে কানাডিয়ান ফাইনান্স টিমে সম্পৃক্ত হওয়ার সুযোগ লাভ করেছেন। তিনি আমাদের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পুত্র সামিউল আলম খান চৌধুরী (সামী)-র সুযোগ্য সহধর্মিনী। পেশাগত জীবনে সামিউল বর্তমানে কানাডাস্থ Scotiabank এর Project Finance Control বিভাগের ব্যবস্থাপক হিসাবে নিযুক্ত আছেন। তিনি সম্মানজনক বৈশ্বিক পেশাগত ডিগ্রি Project Management Professional Certification Program (PMP) অর্জনের পাশাপাশি কানাডার University of Windsor থেকে Logistics & Supply Chain Management বিষয়ে মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করেছেন। শিক্ষা ও কর্মক্ষেত্রে সমুজ্জ্বল এই দম্পতির জন্য পূবালী পরিবার গর্বিত। তাঁদের ভবিষ্যৎ জীবনের সর্বাঙ্গীন সফলতা ও সুস্থতা কামনায় পূবালী ব্যাংক লিমিটেড এর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণ শুভকামনা জ্ঞাপন করছে।



## ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় কৃতিত্ব

পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের আন্তর্জাতিক বিভাগের সেন্ট্রালাইজড ট্রেড প্রসেসিং সেন্টার (সিটিপিসি)-এ কর্মরত সিনিয়র অফিসার মোঃ রাইসুল আলম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় অসামান্য সাফল্যের জন্য দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি) কর্তৃক পুরস্কৃত হয়েছেন। তিনি ২০১৮ সালে অনুষ্ঠিত ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় "Organization & ব্যাংকিং

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ২*

## মেডিকেল ভর্তি পরীক্ষায় সাফল্য

### সুমাইয়া সাবাবা



পূবালী ব্যাংক লিমিটেড আন্তর্জাতিক বিভাগের ফরেন রেমিট্যান্স সেল এ কর্মরত সহকারী মহাব্যবস্থাপক মোঃ ইমতিয়াজুল হক এবং শামীমা পারভীন এর কন্যা সুমাইয়া সাবাবা ২০২০-২১ সেশনে মেডিকেল ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে মেধাক্রমে কুমিল্লা মেডিকেল কলেজে ভর্তির যোগ্যতা অর্জন করেছে। সুমাইয়া পূবালী পরিবারের সকলের নিকট দোয়াপ্রার্থী।

### নওশীন শারমিলী



পূবালী ব্যাংক লিমিটেড, সংস্থাপন বিভাগ, প্রধান কার্যালয়ে কর্মরত উপ-মহাব্যবস্থাপক মোঃ নূরে আলম সরকার এবং মেজর রাবেয়া বেগম এর জ্যেষ্ঠ কন্যা নওশীন শারমিলী ২০২০-২১ সেশনে মেডিকেল ভর্তি পরীক্ষায় জাতীয় মেধাক্রমে উত্তীর্ণ হয়ে ঢাকা মেডিকেল কলেজ (DMC)-এ ভর্তির যোগ্যতা অর্জন করেছে। নওশীন পূবালী পরিবারের সকলের নিকট দোয়াপ্রার্থী।

## জাতীয় ক্রিকেট দলে মাহমুদুল হাসান (জয়) এর অভিষেক

বাংলাদেশের ৯৯তম ক্রিকেটার হিসেবে টেস্ট ক্যাপ পেলেন পূবালী ব্যাংক লিমিটেড চাঁদপুর নতুন বাজার শাখার সিনিয়র অফিসার ও ক্যাশ ইনচার্জ মোঃ আব্দুল বারেক এর পুত্র মাহমুদুল হাসান (জয়)।




সম্প্রতি পাকিস্তানের বিপক্ষে মিরপুর টেস্টের প্রথম দিনের শুরুতে জয়কে টেস্ট ক্যাপ পরিয়ে দেন সাকিব আল হাসান। বিকেএসপিতে শিক্ষারত এইচএসসি পরীক্ষার্থী জয় ইতিপূর্বে বয়স ভিত্তিক দলগুলোতে অসামান্য পারফরম্যান্সের ধারাবাহিকতায় মূল জাতীয় দলে দেশের প্রতিনিধিত্ব করার যোগ্যতা অর্জন করলেন। ২০২০ সালে সাউথ আফ্রিকায় অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে বাংলাদেশকে চ্যাম্পিয়ন করার অন্যতম কারীগর ছিলেন জয়, যা বৈশ্বিক পর্যায়ে বাংলাদেশের অর্জিত সর্বোচ্চ ক্রীড়া সাফল্য। তাঁর এই অর্জনে পূবালী পরিবার বিশেষভাবে গর্বিত এবং ক্রীড়াঙ্গণে অনবদ্য পারফরম্যান্স অব্যাহত রেখে জয় আগামীতে দেশের মুখ উজ্জ্বল করবে এই কামনা করছে।



## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ পালিত

যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২১ পালন করেছে পূবালী ব্যাংক লিমিটেড। ব্যাংকের প্রধান কার্যালয়ে জাতীয় সঙ্গীতের সঙ্গে সুর মিলিয়ে জাতীয় পতাকা অর্ধনমিত করণ এবং কালো পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে শোক দিবসের কর্মসূচী শুরু হয়। বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর ভিত্তি করে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান পরিচালন কর্মকর্তা মোহাম্মদ আলী, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিব জাহিদ আহসান, উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইছা, উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাৎ হোসেন। সভায় স্বাগত বক্তব্য রাখেন মহাব্যবস্থাপক আহমদ এনায়েত মনজুর। এছাড়াও মহাব্যবস্থাপক দেওয়ান রুহুল আহসান ও মহাব্যবস্থাপক দেওয়ান জামিল মাসুদ আলোচনায় অংশ নেন। সারাদেশ থেকে অঞ্চল প্রধানগণ, কর্পোরেট শাখা প্রধানগণ এবং প্রধান কার্যালয়ের বিভাগ প্রধানগণ এই আলোচনা সভায় ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী বলেন, বঙ্গবন্ধু আমাদের স্বাধীনতা দিয়েছেন, দিয়েছেন একটি চমৎকার সংবিধান। তিনি বলেন, ব্যক্তি মুজিব, নেতা মুজিব, বঙ্গবন্ধু শেখ মুজিব এবং বঙ্গবন্ধু থেকে জাতির পিতা শেখ মুজিবুর রহমান হয়ে ওঠার প্রতিটি অধ্যায় এক একটি জীবন্ত ইতিহাস। এই দুর্জয় পুরুষের জন্য শুধু সমকালীন বাংলাদেশে নয়, পৃথিবীর যেকোনো দেশের কালের ইতিহাসে গর্বের বিষয় হয়ে থাকবে। তাঁর জয় বাংলা শ্লোগান বাংলা ও বাঙালীর আত্মসম্মান ও আত্ম আবিষ্কারের অমোঘ মন্ত্র।সভায় বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*




## সিএলএস এজেন্ট সম্মেলন-২০২১

পূবালী ব্যাংক লিমিটেড কনজ্যুমারস্ ক্রেডিট ডিভিশন এর উদ্যোগে সিএলএস এজেন্টদের সম্মেলন সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকদ্বয়- জাহিদ আহসান ও মোহাম্মদ শাহাদাৎ হোসেন। সভাপতিত্ব করেন কনজ্যুমারস্ ক্রেডিট ডিভিশন প্রধান ও মহাব্যবস্থাপক আব্দুহু রুহুল মাসীহ।




## শাহজালাল বিশ্ববিদ্যালয়ের গবেষণা খাতের উন্নয়নে অনুদান প্রদান

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর গবেষণা খাতের উন্নয়নের জন্য পূবালী ব্যাংক লিমিটেড ১৫ লাখ টাকার অনুদান দিয়েছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে পূবালী ব্যাংক লিঃ এই অনুদান প্রদান করেছে। ব্যাংকের সিলেট প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক দেওয়ান জামিল মাসুদ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ফরিদ উদ্দিন আহমদের নিকট অনুদানের এ চেক হস্তান্তর করেন। এসময় অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. আনোয়ারুল ইসলাম, গবেষণা কেন্দ্রের পরিচালক প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম, পূবালী ব্যাংক লিঃ এর সিলেট পূর্ব অঞ্চল প্রধান ও ডিজিএম জিয়াউল হক চৌধুরী, সিলেট পশ্চিম অঞ্চল প্রধান ও ডিজিএম মোঃ সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন।

## ঢাকা উত্তর অঞ্চলের উদ্যোগে ফ্যামিলি ডে-২০২১







## বাংলাদেশ ব্যাংকের সাথে পূবালী ব্যাংক লিমিটেডের চুক্তি স্বাক্ষর

অটোমেটেড চালান সিস্টেমের (এসিএস) মাধ্যমে রাজস্ব/কর পরিশোধের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও পূবালী ব্যাংক লিমিটেডের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ ব্যাংকের সম্মেলন কক্ষে সম্প্রতি এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর আহমেদ জামাল। চুক্তিতে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী এবং বাংলাদেশ ব্যাংকের জেনারেল ম্যানেজার ফোরকান হোসেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী এবং মহাব্যবস্থাপক ও সিএফও মোহাম্মদ লিটন মিয়া এফসিএ উপস্থিত ছিলেন। উক্ত চুক্তি স্বাক্ষরের ফলে পূবালী ব্যাংক লিমিটেডের

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ২*



## চট্টগ্রাম ক্লাব লিমিটেডকে ১০(দশ) লক্ষ টাকা অনুদান

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কর্মসূচির আওতায় চট্টগ্রাম ক্লাব লিমিটেডকে ১০(দশ) লক্ষ টাকা অনুদান দিয়েছে পূবালী ব্যাংক লিমিটেড। সম্প্রতি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইছা চট্টগ্রাম ক্লাব লিমিটেডের ভাইস চেয়ারম্যান মঞ্জুরুল হক (মঞ্জু) এর নিকট ১০(দশ) লক্ষ টাকার চেক হস্তান্তর করেন। এ সময় পূবালী ব্যাংক লিমিটেড চট্টগ্রাম কেন্দ্রীয় অঞ্চলের মহাব্যবস্থাপক মোহাম্মদ আবদুর রহিম, চট্টগ্রাম উত্তর অঞ্চলের উপমহাব্যবস্থাপক খান মোঃ জাবেদ জাফর ও চট্টগ্রাম ক্লাব লিমিটেড কমিটির সদস্যবৃন্দ ও ক্লাব সচিব মোঃ আশরাফ উদ্দীন এবং অন্যান্য প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

## পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিঃ এ মহাব্যবস্থাপক হিসেবে যোগদান করেছেন মোঃ শাহ আলম



**মো: শাহ আলম (খোকা)**

পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এ নতুন মহাব্যবস্থাপক ও চীফ প্রটোকল অফিসার হিসেবে যোগদান করেছেন মোঃ শাহ আলম। তিনি ১৯৭৭ সালে পূবালী ব্যাংক লিমিটেডে কর্মজীবন শুরু করেন, সূদীর্ঘ প্রায় ৪৪ বছর বিভিন্ন গুরুত্বপূর্ন দায়িত্ব পালন শেষে ২০২১ সালে তিনি মহাব্যবস্থাপক হিসেবে অবসর গ্রহন করেন এবং একই বছর তিনি পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এ যোগদান করেন। উল্লেখ্য, জনাব মোঃ শাহ আলম একজন বীর মুক্তিযোদ্ধা।

## পূবালী ব্যাংক লিমিটেডের ৩য় ভার্চুয়াল কনফারেন্স ২০২১



বর্তমান করোনা মহামারীর সংকটকালীন সময়ে ব্যাংকিং ব্যবস্থাকে গতিশীল রাখার লক্ষ্যে পূবালী ব্যাংক লিমিটেডের দেশব্যাপী ছড়িয়ে থাকা ৪৮২টি শাখার শাখা প্রধান, উপ-শাখা প্রধান, ইসলামিক ব্যাংকিং উইন্ডো প্রধান, অঞ্চল প্রধান এবং সকল বিভাগ প্রধানদের অংশগ্রহণে সম্প্রতি ৩য় ভার্চুয়াল কনফারেন্স অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী। কনফারেন্সে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও চিফ অপারেটিং অফিসার মোহাম্মদ আলী এবং উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ জাহিদ আহসান, মোহাম্মদ ইছা ও মোহাম্মদ শাহাদাৎ হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে শফিউল আলম খান চৌধুরী বলেন, বিশ্বব্যাপী করোনা ভাইরাসের সংক্রমণ ছড়িয়ে পড়ায় দেখা দিয়েছে স্বাস্থ্য সংকট এবং বিরূপ প্রভাব পড়ছে অর্থনীতিতে। উক্ত পরিস্থিতি থেকে উত্তরণের জন্য উৎপাদনমুখী শিল্পে সুষ্ঠু ঋণ প্রদান কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। তিনি ভালো ঋণ গ্রহীতা নির্বাচন করে নতুন ঋণ প্রদান এবং আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য তাগিদ দেন। বর্তমান পরিস্থিতিতে সকল কর্মকর্তাকে স্বাস্থ্যবিধি মেনে নিরাপদে ব্যাংকিং সেবা প্রদানের জন্য তিনি আহ্বান জানান।

ভার্চুয়াল কনফারেন্সে ২০২১ সালে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিভিন্ন কৌশল ও দিক নিয়ে আলোচনা করা হয়।

## পূবালী ব্যাংক লিমিটেড এ নতুন সিটিও এর যোগদান




**জাভেদ হাসান**

জাভেদ হাসান পূবালী ব্যাংক লিমিটেড-এ মহাব্যবস্থাপক ও চীফ টেকনিক্যাল অফিসার হিসাবে সম্প্রতি যোগদান করেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশলে স্নাতক ডিগ্রী এবং RMIT University, Australia থেকে ফলিত বিজ্ঞানে (IT) স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি BJIT Limited GCIO, সফটওয়ার বিভাগীয় প্রধান ও অন্যান্য পদে উনিশ বছর দায়িত্ব পালন করেছেন। এছাড়া তিনি Citi Bank NA, Dhaka, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, ME Solshare Limited Ges CEGIS Limited এ বিভিন্ন দায়িত্বে (সফটওয়ার ও আইটি) কর্মরত ছিলেন।

## যাঁদের হারিয়েছি ..........

সাম্প্রতিক সময়ে পূবালী পরিবার হারিয়েছে অনেক গুরুত্বপূর্ণ সদস্যদের, চিরপ্রয়াণে যাওয়া এ সকল ব্যক্তিবর্গের মৃত্যুতে পূবালী ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ এবং সকল স্তরের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করছে। মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে মরহুম/মরহুমা-দের বিদেহী আত্মার মাগফেরাত কামনার পাশাপাশি শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে পূবালী পরিবার।



**মুঃ আযীযুল হক**
পরিচালনা পর্ষদের প্রাক্তন চেয়ারম্যান, স্বতন্ত্র পরিচালক
[মৃত্যুঃ ১২ নভেম্বর ২০২০]




**হাফছা মজুমদার**
পরিচালনা পর্ষদের সাবেক চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদারের সহধর্মিণী এবং বর্তমান পরিচালক মিসেস রানা লায়লা হাফিজের মাতা
[মৃত্যুঃ ১৬মে ২০২১]



**হালিমা রহমান**
পরিচালনা পর্ষদের সাবেক চেয়ারম্যান ও পরিচালক মরহুম শেখ ওয়াহিদুর রহমানের সহধর্মিণী এবং বর্তমান পরিচালক আজিজুর রহমানের মাতা
[মৃত্যুঃ ০৪ সেপ্টেম্বর ২০২১]




**মোঃ কামরুল হুদা**
প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক, পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যুঃ২৯ অক্টোবর ২০২১]



**খোন্দকার ইব্রাহীম খালেদ**
প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক, পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যুঃ ২৪ ফেব্রুয়ারী ২০২১]



**অহিদা খানম চৌধুরী**
প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরীর মাতা
[মৃত্যুঃ ০২ ডিসেম্বর ২০২০]



**শাহাদাত হোসেন চৌধুরী**
প্রাক্তন উপ-ব্যবস্থাপনা পরিচালক পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যুঃ ১ জানুয়ারী ২০২২]



**মির্জা আলী ইনসাফ**
প্রাক্তন মহাব্যবস্থাপক পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যুঃ ৯ডিসেম্বর ২০২১]



**সাইয়েদ সাইফুল ইসলাম**
মহাব্যবস্থাপক এবং শাখা প্রধান, প্রিন্সিপাল শাখা, পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যু ঃ ১৬ আগস্ট ২০২১]

**শাহ সাদিদা আক্তার**
মানবসম্পদ বিভাগের মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান আহমদ এনায়েত মনজুর এর সহধর্মিনী
[মৃত্যুঃ ২৫ নভেম্বর ২০২০]



**মোঃ জাহিদুর রহমান**
উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান, মতিঝিল কর্পোরেট শাখা, পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যুঃ ৩০ আগস্ট ২০২০]



**মোঃ রফিকুল ইসলাম**
উপমহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান, লীজ ফাইন্যান্সিংবিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যুঃ ১৯জুলাই ২০২১]



**মোঃ ইমামুর রশীদ**
উপমহাব্যবস্থাপক (পিআরএল), ঋণ প্রশাসন, তদারকী ও আদায় বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যুঃ ৩১ আগস্ট ২০২১]



**মোঃ জামিনুল ইসলাম**
সহকারী মহাব্যবস্থাপক, সিলেট প্রিন্সিপাল অফিস, পূবালী ব্যাংক লিমিটেড
[মৃত্যুঃ ২৫ নভেম্বর ২০২১]

## ২০২০ এবং ২০২১ সালে কর্মরত অবস্থায় আরও যারা মৃত্যুবরণ করেছেন

### ২০২০

কামরাঙ্গীর চর শাখার শাখা ব্যবস্থাপক ও এসপিও **মোঃ নাসিরউদ্দিন পিকে** [৮ আগস্ট ২০২০], প্রধান কার্যালয়ের ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের এসপিও **মোঃ আতিকুর রহমান** [১৭ ডিসেম্বর ২০২০], কাটিরহাট শাখার সিনিয়র অফিসার (ক্যাশ) **মোঃ আব্দুল ওয়াদুদ** [১৫ জুন ২০২০], হাটহাজারী শাখার সিনিয়র অফিসার (ক্যাশ) **মোঃ রহিম উদ্দিন** [২১ জুলাই ২০২০], নাজিরপুর শাখার সিনিয়র অফিসার (ক্যাশ) **মোঃ ফারুক আহমেদ** [২২ নভেম্বর ২০২০], কালিঘাট শাখার সিনিয়র অফিসার **সুশীল কুমার পুরকায়স্থ** [১৬ ডিসেম্বর ২০২০], করটিয়া শাখার অফিসার **মোঃ আব্দুস সালাম খান** [২৬ মার্চ ২০২০], ব্রাহ্মণবাজার শাখার এজেও (ক্যাশ) **মোঃ সাজিদুর রহমান** [২৭ আগস্ট ২০২০], করটিয়া শাখার সিনিয়র আর্মড গার্ড **মোঃ মাইনুল ইসলাম** [২১ ফেব্রুয়ারী ২০২০], নয়াপল্টন শাখার কেয়ারটেকার **জোবেদা খাতুন** [৯ মার্চ ২০২০], দারুস সালাম রোড শাখার কেয়ারটেকার **গোপাল চন্দ্র ধর** [১৩ জুলাই ২০২০], চাঁপাইনবাবগঞ্জ শাখার সিনিয়র আর্মডগার্ড **জেনারুল ইসলাম** [২১ অক্টোবর ২০২০], রিয়াজুদ্দিন শাখার ম্যাসেঞ্জার **শাহিদা খানম** [২২ নভেম্বর ২০২০] এবং মাদারীপুর শাখার সিনিয়র আর্মডগার্ড **মোঃ আবুল কালাম আজাদ** [১০ ডিসেম্বর ২০২০]।

### ২০২১

টাঙ্গাইল প্রধান শাখার প্রিন্সিপাল অফিসার **মোঃ আব্দুল খালেক শামস্** [৬ আগস্ট ২০২১], টানবাজার শাখার সিনিয়র অফিসার **মোঃ আবুল কাশেম** [২৫ ফেব্রুয়ারী ২০২১], ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখার অফিসার **মোঃ তৌহিদুল ইসলাম** [১১ নভেম্বর ২০২১], মিরেরহাট শাখার জুনিয়র অফিসার (ক্যাশ) **মোঃ সাইফুল ইসলাম** [৩ আগস্ট ২০২১], পার্বতীপুর শাখার জুনিয়র অফিসার (ক্যাশ) **মোঃ মোশিয়েল আজম বিন শাজাহান** [২৮ আগস্ট ২০২১], দনিয়া শাখার এজেও (ক্যাশ) **মরিয়ম সিদ্দিকা মিতু** [২৭ আগস্ট ২০২১], ফরেন এক্সচেঞ্জ কর্পোরেট শাখার সিনিয়র আর্মডগার্ড **মোঃ মিরাজ খান** [৯ জানুয়ারী ২০২১], কাটিরহাট শাখার সিনিয়র আর্মডগার্ড **মোঃ রুহুল আমীন** [৭ ফেব্রুয়ারী ২০২১], নবাবপুর রোড শাখার কেয়ারটেকার **মোঃ কামরুজ্জামান** [৬ এপ্রিল ২০২১], প্রধান কার্যালয়ের সংস্থাপন বিভাগ এর ড্রাইভার **আব্দুল মালেক ভুঁইয়া** [১২ জুলাই ২০২১], প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ এর কেয়ারটেকার **মোঃ হাসান মিয়া** [১৮ সেপ্টেম্বর ২০২১]।

# Pi Banking
## a mobile apps




GET IT ON Google Play

Download on the App Store


ত্রৈমাসিক
# পূবালী বার্তা


### এডিটোরিয়াল প্যানেল

**মোহাম্মদ আলী**
অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান পরিচালন কর্মকর্তা

**মোসাম্মৎ সাহিদা বেগম**
মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান, গবেষণা ও উন্নয়ন বিভাগ

**নান্না সিকদার**
উপ-মহাব্যবস্থাপক

**মোহাম্মদ আশরাফুল ইসলাম**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**জাকিয়া সুলতানা**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**মোঃ মাইদুল হক**
প্রিন্সিপাল অফিসার

**মোঃ শফিকুল ইসলাম**
সিনিয়র অফিসার

### গ্রাফিক্স ডিজাইন

**মোহাম্মদ রাজীব ইসলাম**
প্রিন্সিপাল অফিসার

**সুভাশীষ কুন্ডু**
অফিসার



পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

**গবেষণা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড**
২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত
টেলিফোন : ৯৫১৫৭২৯, পি.এ.বি.এক্স : ২২৩৩৮১৬১৪ এক্স-৩৮১,৩৮২
আইপি ফোন : ০৯৬১২ ৮২ এক্স : ১৯৭০, ১৯৭৩, ১৯৭৪
ই-মেইল : pubalibarta@pubalibankbd.com
ওয়েব : www.pubalibangla.com